

নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ১৯৯৫

১৯৯৫ সনের ১১ নং আইন

[২৯ জুন, ১৯৯৫]

১৯৯৫ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে আরও কিছু অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন।

যেহেতু ১৯৯৫ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে আরও কিছু অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১। এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

সংক্ষিপ্ত শিরোনাম

২। এই আইনের তফসিলের কলাম ২-এ বর্ণিত কার্যাদি ও উদ্দেশ্যসমূহ সম্পর্কে ১৯৯৫ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসর চলাকালীন সময়ে যে কতিপয় ব্যয় সেই বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে তাহা বহনের জন্য উক্ত তফসিলের কলাম ৫-এ বর্ণিত অর্থসমূহের অনধিক অর্থ সর্বসাকুল্যে তিন হাজার আটশত ছত্রিশ কোটি তিরানব্বই লক্ষ চল্লিশ হাজার টাকা মাত্র সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও প্রযোজ্য হইবে।

১৯৯৪-৯৫ সালের
জন্য সংযুক্ত তহবিল
হইতে
৩৮৩৬,৯৩,৪০,০০০
টাকা প্রদান

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে পরিশোধ ও প্রয়োগ করিবার জন্য অনুমোদিত অর্থসমূহ ১৯৯৫ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসর সম্পর্কে তফসিলে উল্লিখিত কার্যাদি ও উদ্দেশ্যসমূহের জন্য নির্দিষ্ট করা হইবে।

নির্দিষ্টকরণ